

মাতাবাড়িতে দীপাবলি উৎসব : সচিবালয়ে মুখ্যমন্ত্রীর
সভাপতিত্বে উচ্চপর্যায়ের বৈঠক

আগামী ৬ ও ৭ নভেম্বর উদয়পুরের মাতাবাড়িতে দীপাবলি উৎসব ও মেলা অনুষ্ঠিত হবে। ৬ নভেম্বর বিকেলে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। এই দীপাবলি উৎসব ও মেলাকে সর্বাঙ্গীন সুন্দরভাবে সাফল্যমন্ডিত করে তোলার জন্য আজ সচিবালয়ের ২ নং কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। দীপাবলি উৎসব ও মেলাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে অনুষ্ঠিত এই বৈঠকে রাজস্বমন্ত্রী এন সি দেববর্মা, পর্যটনমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বনমন্ত্রী মেবার কুমার জমতিয়াও আলোচনায় অংশ নেন। বৈঠকে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, আমাদের রাজ্যের সংস্কৃতি অনেক সমৃদ্ধ। এই সংস্কৃতিকে তুলে ধরার পাশাপাশি রাজ্যের পর্যটন সম্ভাবনাকে আরও বেশি করে মানুষের কাছে তুলে ধরতে হবে। তিনি বলেন, ত্রিপুরার প্রতিবেশি রাষ্ট্র বাংলাদেশের পর্যটকদেরকেও ত্রিপুরার প্রতি আকর্ষণ বাড়ানোর জন্য মেলার মাধ্যমে উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। মেলায় বিভিন্ন ব্যবস্থাপনা স্বচ্ছভাবে সম্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করেন তিনি। মুখ্যমন্ত্রী মাতাবাড়ি ও তার নিকটবর্তী ক্লাবগুলিকে নিজ নিজ এলাকার শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য দায়িত্ব নেওয়ার উপর গুরুত্বারোপ করেন।

বৈঠকে গোমতী জেলার জেলাশাসক তরুণ কান্তি দেবনাথ মেলাকে সুন্দর ও সফলভাবে সম্পন্ন করার জন্য গৃহীত বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেন। তিনি বলেন, মেলায় অস্থায়ী শেড, ড্রপ গেইট, টয়লেট নির্মাণ করা হবে। এছাড়া পানীয় জলের ব্যবস্থা, মহিলাদের জন্য অস্থায়ী স্নানাগারের ব্যবস্থা রাখা হবে। এছাড়াও মেলায় নিরবচ্ছিন্ন আলোর ব্যবস্থা রাখার জন্য বিদ্যুৎ দপ্তরকে দায়িত্ব দেওয়া হয়েছে। পাশাপাশি বিকল্প আলোর ব্যবস্থা রাখা হচ্ছে বলেও তিনি জানিয়েছেন। এছাড়াও মেলায় মেডিকেল টিম, অ্যাম্বুলেন্সের ব্যবস্থা রাখা হবে বলে তিনি জানান। মেলায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। থাকবে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল। মেলায় বয়স্ক, দিব্যাঙ্গজনদের প্রতিমা দর্শনের জন্য বিশেষ ব্যবস্থা রাখা হবে বলেও তিনি জানান। বৈঠকে মাতাবাড়ি ও পার্শ্ববর্তী এলাকার রাস্তা মেরামতির জন্য শীঘ্রই উদ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশ দেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। বৈঠকে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে বক্তব্য রাখেন গোমতী জেলার পুলিশ সুপার এ আর রেডি। তিনি জানান, মেলা প্রাঙ্গণে ও পার্শ্ববর্তী এলাকায় সিসিটিভি লাগানো হবে। এছাড়া ওয়াচ টাওয়ার ও পুলিশ মোবাইল ভ্যানের মাধ্যমে সার্বিক পরিস্থিতির উপর নজর রাখা হবে। এছাড়াও ১০টি পুলিশ সহায়ক কেন্দ্র খোলা হবে।

এদিনের বৈঠকে বিধায়ক বিপ্লব ঘোষ, মুখ্যসচিব ললিত কুমার গুপ্তা, অতিরিক্ত মুখ্যসচিব ড. জি এস জি আয়েঙ্গার, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক, পুলিশের মহানির্দেশক এ কে শুক্লা, প্রধান সচিব মনোজ কুমার, সচিব এম এল দে ও অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকগণ, গোমতী জেলার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।